



সুপ্রিম কোর্ট বার নির্বাচন সভাপতি-সম্পাদকসহ ১৩ পদে বিএনপির জয়



মাহবুব উদ্দিন খোকন ও মোহাম্মদ আলী। ছবি: সংগৃহীত

সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নির্বাচনে বড় জয় পেয়েছে বিএনপি সমর্থিত জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের নীল প্যানেল। সভাপতি ও সম্পাদক পদসহ মোট ১৪টি পদের মধ্যে ১৩টিতেই জয় পেয়েছেন তাদের প্রার্থীরা। বাকি একটি পদে বিজয়ী হয়েছেন জামায়াতপন্থী সবুজ প্যানেলের প্রার্থী।

বৃহস্পতিবার (১৪ মে) গভীর রাতে নির্বাচন সাব-কমিটির আহ্বায়ক বিচারপতি মফতাহ উদ্দিন চৌধুরী আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করেন। ঘোষিত ফলাফলে দেখা যায়, সভাপতি নির্বাচিত হয়েছেন ব্যারিস্টার এ এম মাহবুব উদ্দিন খোকন। সম্পাদক পদে জয় পেয়েছেন মোহাম্মদ আলী। সহসভাপতি পদে নির্বাচিত হয়েছেন মো. মাগফুর রহমান শেখ ও মো. শাহজাহান। কোষাধ্যক্ষ হয়েছেন মো. জিয়াউর রহমান।

এ ছাড়া সহসম্পাদক পদে বিজয়ী হয়েছেন মাকসুদ উল্লাহ ও মোহাম্মদ শামসুল ইসলাম মুকুল। সদস্য পদে জয় পেয়েছেন মো. কবির হোসেন, মো. টিপু সুলতান, এইচ এম সানজিদ সিদ্দিকী, এ কে এম আজাদ হোসেন, মো. জিয়া উদ্দিন মিয়া এবং ওয়াহিদ আফরোজ চৌধুরী।

অন্যদিকে, জামায়াত সমর্থিত সবুজ প্যানেল থেকে সদস্য পদে নির্বাচিত হয়েছেন এ কে এম রেজাউল করিম খন্দকার।

১৩ ও ১৪ মে সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির অডিটোরিয়ামে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। প্রতিদিন সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ভোট নেওয়া হয়, মাঝে দুপুরে এক ঘণ্টার বিরতি ছিল।

এবারের নির্বাচনে আওয়ামী লীগপন্থী কোনো প্যানেল অংশ নেয়নি। সমিতির সাধারণ সভায় দলীয় কার্যক্রম নিষিদ্ধ হওয়ার পর আওয়ামীপন্থী আইনজীবীরা নির্বাচন থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নেন।